**Roll No.** | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilators*

1. ____________________

2. ____________________

**0215**

**Question Booklet Series** **A**

**PAPER–II** **Question Booklet No.**

**Subject Code : 02**

**OMR Sheet No.** ....................................

# BENGALI

*Time : 1 Hour 15 Minutes* *Maximum Marks: 100*

---

***Instructions for the Candidates***

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the question booklet will be given to you. In the first 5 minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet and the OMR Sheet Number should be entered on this Question Booklet.
3. This paper consists of fifty (50) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: (A) (B) (C) (D). You have to darken the circle as indicated below on the correct response against each question.

   *Example:* (A) (B) ● (D), where (C) is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Roll Number, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Blue/Black Ball point pen.**
11. **Use of any calculator or log table or mobile phone etc. is strictly prohibited.**
12. **There are no negative marks for incorrect answers.**

**[ Please Turn Over ]**

# BENGALI

## Paper II

**1.** বাংলা ছাপার অক্ষরের প্রথম ব্যবহার দেখা গেল যে বই-এ

(A) কথোপকথন

(B) A Grammar of the Bengal Language

(C) ব্রাহ্মণ রোমান ক্যাথলিক সংবাদ

(D) কৃপারশাস্ত্রের অর্থভেদ

**2.** ফারসি 'দরিয়া' শব্দ বাংলায় 'সমুদ্র' অর্থে ব্যবহৃত হয়, যে নিয়মে

(a) সুভাষণ

(b) আলংকারিক কারণ

(c) পরিবেশগত কারণ

(d) কালগত কারণ

**3.** মূল ইন্দো-ইউরোপীয় ভাষার ধ্বনি থেকে আর্য ভাষার তালব্য ধ্বনির (চ-বর্গ) উদ্ভবের সূত্র প্রথম দেখান

(A) জ্যাকোব গ্রিম

(B) কার্ল বেরনের

(C) কোলিৎস

(D) হেরমান গ্রাসমান

**4.** প্রথম তালিকার সঙ্গে দ্বিতীয় তালিকার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন ঃ

| *প্রথম তালিকা* | *দ্বিতীয় তালিকা* |
|---|---|
| (a) হৃদয় > হডক্ক | (i) মাহারাষ্ট্রী প্রাকৃত |
| (b) কন্যা > কঞ্ঞা | (ii) মাগধী প্রাকৃত |
| (c) ভবতি > হোই | (iii) শৌরসেনী প্রাকৃত |
| (d) ইন্দ্রিয় > ইংদিত | (iv) অর্ধমাগধী প্রাকৃত |

*সংকেত ঃ*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (ii) | (i) | (iv) |
| (B) | (iv) | (i) | (ii) | (iii) |
| (C) | (ii) | (iii) | (i) | (iv) |
| (D) | (i) | (iv) | (iii) | (ii) |

**5.** শব্দের উচ্চাবস্থিত স্বরধ্বনি যখন নিম্নাবস্থিত স্বরধ্বনিকে উপরে টেনে নেয়, ধ্বনি পরিবর্তনের সেই প্রক্রিয়াকে বলে

(A) অপিনিহিতি

(B) অভিশ্রুতি

(C) স্বরসঙ্গতি

(D) সমীভবন

**6.** কাব্যের অনুকরণকে দর্পণে প্রতিবিম্বিত চিত্রের সঙ্গে তুলনা করেন

(A) অ্যারিস্টটল

(B) প্লেটো

(C) জনসন

(D) ওয়ার্ডসওয়ার্থ

**7.** 'নহি তচ্ছূন্যং কাব্যং কিংচিদস্তি'—রসশূন্য কোনো প্রকার কাব্য নেই—উক্তিটি রয়েছে—

(A) নাট্যশাস্ত্র ৬/১০৯ ভাষ্য-এ

(B) কাব্যপ্রকাশ ৪/২৮ বৃত্তি-তে

(C) ধ্বন্যালোক ২/৩ টীকা-য়

(D) সাহিত্যদর্পণ ৩য় অধ্যায়-এ

**8.** বঙ্কিমচন্দ্র বঙ্গদর্শনের যে সংখ্যা থেকে প্রাপ্ত গ্রন্থের সমালোচনা প্রকাশ করেন ঃ

(A) সপ্তদশ

(B) সপ্তম

(C) ষষ্ঠ

(D) নবম

**9.** রবীন্দ্রনাথের নিম্নোক্ত অভিমতগুলির সঙ্গে প্রবন্ধ-নামের সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে উত্তর দিন ঃ

(a) পূজার আবেগমিশ্রিত ব্যাখ্যাই প্রকৃত সমালোচনা। — (i) সাহিত্য সমালোচনা

(b) সাহিত্যের বিচার হচ্ছে সাহিত্যের ব্যাখ্যা। — (ii) সাহিত্যের বিচারক

(c) যে সমালোচনার মধ্যে শান্তি নাই আমি তাকে ঠিক মনে করিনে। — (iii) রামায়ণ

(d) সাহিত্যের নিত্যবস্তুর লক্ষণগুলি যাঁরা আত্মস্থ করেছেন তাঁরাই সর্বকালীন বিচারকের পদ গ্রহণ করবার যোগ্য। — (iv) সাহিত্য বিচার

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (ii) | (i) | (iii) | (iv) |
| (B) | (iv) | (iii) | (i) | (ii) |
| (C) | (iii) | (iv) | (i) | (ii) |
| (D) | (i) | (ii) | (iii) | (iv) |

**10.** রবীন্দ্রনাথের যে গ্রন্থটিকে বুদ্ধদেব বসু কবি ও কথাশিল্পীর সংগতি সাধনের দৃষ্টান্তরূপে সর্বাগ্রে স্থান দেন ঃ

(A) গোরা
(B) যোগাযোগ
(C) গল্পগুচ্ছ
(D) চতুরঙ্গ

**11.** 'বাংলার ব্রত' গ্রন্থে যাঁকে ইন্দ্রের শাশুড়ি বলে উল্লেখ করা হয়েছে ঃ

(A) তোষলা
(B) সেঁজুতি
(C) ভাদুলি
(D) কুক্কুটী

**12.** ধূর্জটি প্রসাদ মুখোপাধ্যায়ের মতে সাহিত্যের মানবিভ্রম থেকে বাঁচবার উপায় 'বিচার, আত্মবিশ্লেষণ আর একটু বিরাম, বিনয়' এবং

(A) দুঃখবাদ
(B) মানবিকতা
(C) উন্নত চিন্তা
(D) আত্মোন্নতি

**13.** নীচে প্রমথ চৌধুরীর উক্তি এবং প্রবন্ধের নাম দুটি তালিকায় দেওয়া হল। তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে উত্তর দিন।

(a) বালা গালাভরা হলেও চলে কিন্তু আংটি নিরেট হওয়া চাই। — (i) সাহিত্যে খেলা

(b) যুগধর্ম প্রকাশই সাহিত্যের চরম সাধনা, একথা সত্য নয়। — (ii) চিত্রাঙ্গদা

(c) সাহিত্য কস্মিনকালেও স্কুল মাস্টারির ভার নেয়নি। — (iii) বঙ্গসাহিত্যের নবযুগ

(d) মরালিটি হচ্ছে মানুষের ব্যবহারিক আত্মার জিনিস আর কাব্য তার অন্তরাত্মার। — (iv) বস্তুতন্ত্রতা বস্তু কী

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (iv) | (i) | (ii) |
| (B) | (ii) | (i) | (iii) | (iv) |
| (C) | (iii) | (ii) | (iv) | (i) |
| (D) | (iv) | (iii) | (i) | (ii) |

**14.** 'বাঙালী জীবনে রমণী' গ্রন্থে নীরদচন্দ্র চৌধুরী যে সংস্কৃত গ্রন্থে কাম নয় প্রেমের কথাই আছে বলে স্বীকার করেন

(a) উত্তররাম চরিত
(b) অভিজ্ঞান শকুন্তলা
(c) মেঘদূত
(d) স্বপ্নবাসবদত্তা

**15.** তুর্কি-বিজয়ের প্রথম শত বৎসরের সঙ্গে যে দুজন মাদ্রাসা-প্রতিষ্ঠাতা মুসলমান গঙ্গাস্তব রচনা করেছিলেন, তাঁদের নাম

(A) জফর খাঁ ও ফার্‌রুক খাঁ
(B) মুর্শিদ খাঁ ও দরাপ্ খাঁ
(C) জফর খাঁ ও দরাপ্ খাঁ
(D) ফার্‌রুক খাঁ ও মুর্শিদ খাঁ

**16.** 'সীতা' নাটকে ''রূপ-সায়রের দোদুল তালে'' গানটি গাওয়া হয়েছে যেখানে—

(A) তমসার তীরে বাল্মীকির আশ্রমে
(B) দণ্ডক বনে
(C) রাজোদ্যানে
(D) অযোধ্যার প্রাসাদে

**17.** মন্মথ রায়ের 'কারাগার' নাটকের অভিনয় নিষিদ্ধ করে প্রথম সরকারি নির্দেশনামা জারি হয়

(A) ৪ মার্চ ১৯৩১

(B) ৪ এপ্রিল ১৯৩১

(C) ৪ ফেব্রুয়ারি ১৯৩১

(D) ৪ জানুয়ারি ১৯৩১

**18.** 'নতুন ইহুদী' নাটকে কেষ্টর ঘরের নম্বর

(A) পি-১০৮

(B) সি-১০৮

(C) টি-১০৮

(D) ডি-১০৮

**19.** 'দেবীগর্জন' নাটক থেকে কয়েকটি সংলাপ এবং বক্তার নাম পাশাপাশি দুটি তালিকায় দেওয়া হয়েছে। উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন ঃ

| *প্রথম তালিকা* | *দ্বিতীয় তালিকা* |
|---|---|
| (a) 'হাতি নাই জোতদার আছে, অটাই হাতি ....' | (i) সর্দার |
| (b) 'হাঁতিটো তুমার বড়ো বুড়া হঁইয়েছে ......' | (ii) খগেশ্বর |
| (c) 'রাজারে দেউনিয়া, জোরে রাজা! | (iii) গিরি |
| (d) পঞ্চজনার কাছে আমার একটা কথা আছে। | (iv) ত্রিভুবন |

*সংকেত* ঃ

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (iv) | (i) | (ii) |
| (B) | (iv) | (i) | (ii) | (iii) |
| (C) | (iii) | (ii) | (iv) | (i) |
| (D) | (ii) | (iii) | (i) | (iv) |

**20.** 'গৈরিক পতাকা' নাটক থেকে কয়েকটি সংলাপ এবং বক্তার নাম পাশাপাশি দুটি তালিকায় দেওয়া হয়েছে। উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন ঃ

| *প্রথম তালিকা* | *দ্বিতীয় তালিকা* |
|---|---|
| (a) আজ তাদের সৌভাগ্য-সূর্য অস্তমিত হবে। | (i) ঘোড়পুরে |
| (b) দস্যুর এই ঔদ্ধত্য অসহ্য কৃষ্ণাজী! | (ii) কৃষ্ণাজী |
| (c) দেবতার রোষানল আকাশ চিরে বেরিয়ে আসছে। | (iii) শিবাজী |
| (d) আমার আত্মবিস্মৃতিই ঘটেছে কুমার! | (iv) আফজল |

*সংকেত* ঃ

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (ii) | (iii) | (iv) | (i) |
| (B) | (iii) | (iv) | (i) | (ii) |
| (C) | (iv) | (ii) | (iii) | (i) |
| (D) | (i) | (iv) | (ii) | (iii) |

**21.** 'সহসা একটা বিপর্যয় ঘটিয়া গেল'—সেই বিপর্যয়টা হল

(A) বিল্টু বুধনীর শিশুটিকে হত্যা করল

(B) বিল্টু বুধনীকে হত্যা করল

(C) বিল্টু বুধনীর শোকে আত্মহত্যা করল

(D) বুধনীকে ছেড়ে বিল্টু চলে গেল

**22.** পরশুরামের 'গা মানুষ জাতির কথা' থেকে কয়েকজনের নাম এবং তাদের পরিচয় দুটি তালিকায় দেওয়া হল। এই তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে উত্তর দিন।

| *প্রথম তালিকা* | *দ্বিতীয় তালিকা* |
|---|---|
| (a) অবলদাসজী | (i) পণ্ডিত |
| (b) ধর্মদাসজী | (ii) ডাক্তার |
| (c) সত্যকামজী | (iii) কর্মযোগী |
| (d) ভৃঙ্গরাজ | (iv) জননেতা |

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (ii) | (iii) | (iv) | (i) |
| (C) | (iv) | (iii) | (i) | (ii) |
| (D) | (iii) | (iv) | (ii) | (i) |

**23.** 'কুইন অ্যান' গল্পে ঘোড়ার সম্বন্ধে রায়সাহেবের যে কথা শুনে আমির হোসেন বিস্ময়াভিভূত হয়ে পড়ে ঃ

(A) দিনকতক বসিয়ে রাখ

(B) দৌড়ের অভ্যেসটা যাক

(C) জোর করে খাওয়ানোর দরকার নেই

(D) এই তো মেহনত করবার সময়

**24.** নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'হাড়' গল্পে রায়বাহাদুর তাঁর ভ্রমণ প্রসঙ্গে যে বিদেশি লেখকের কথা বলেছেন

(A) ড্যানিয়েল ডিফো

(B) লিভিংস্টোন

(C) স্টিভেনসন

(D) জোনাথন সুইফট্

**25.** প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'মাতৃহীন' গল্পে পাঠাগার খোলা থাকে

(A) বেলা ৮টা থেকে রাত্রি ৭টা

(B) বেলা ৮টা থেকে রাত্রি ৮টা

(C) বেলা ৯টা থেকে রাত্রি ৭টা

(D) বেলা ১০টা থেকে রাত্রি ৮টা

**26.** 'পল্লীসমাজ' উপন্যাসে রমেশের সশ্রম কারাদণ্ডের মেয়াদ ছিল

(A) পাঁচ মাস

(B) ছয় মাস

(C) আট মাস

(D) এক বছর

**27.** ''বারবার প্রশ্ন করাতে সে বললে, আমাকে বিরক্ত কোরো না, শান্তিতে মরতে দাও।''—'ধাত্রীদেবতা' উপন্যাসে এই উক্তি

(A) শিবনাথের

(B) সুশীলের

(C) কমলেশের

(D) পূর্ণ-র

**28.** রাজারাম রায় যে নীলকুঠির দেওয়ান, তার নাম

(A) সেনহাটি

(B) চৌহাটি

(C) মোল্লাহাটি

(D) গৌরহাটি

**29.** 'পদ্মানদীর মাঝি' মানিক বন্দ্যোপাধ্যায়ের রচিত

(A) প্রথম উপন্যাস

(B) তৃতীয় উপন্যাস

(C) চতুর্থ উপন্যাস

(D) দ্বিতীয় উপন্যাস

**30.** 'জাগরী' উপন্যাসের যে অংশটি চলিত ভাষায় লেখা সেটি হল

(A) জেল গেট

(B) ফাঁসি সেল

(C) আপার ডিভিশন ওয়ার্ড

(D) আওরৎ কিতা

**31.** 'মুজ্‌দা এনেছে অগ্রহায়ণ
আসে নৌ-রোজ খোল গো তোরণ!'

—এখানে 'মুজ্‌দা' অর্থে

(A) নতুন গুড়

(B) নতুন ধান

(C) উৎসব

(D) খোশখবর

**32.** 'স্মরগরল' কাব্যের 'প্রেম ও জীবন' কবিতার সুচনায় যে বৈষ্ণব কবির পদ্যাংশ উদ্ধৃত আছে, তিনি

(A) জ্ঞানদাস

(B) গোবিন্দদাস

(C) চণ্ডীদাস

(D) বিদ্যাপতি

**33.** ''নেই সেই নাগরিক আর।
নগর আত্মার কাছে নিবেদিত হয়ে
রেখে গেছে তবু এক সবুজ প্রত্যয়''

—পঙ্‌ক্তিগুলিতে কবি যে 'নাগরিক'-এর কথা বলেছেন, তিনি

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) সুকান্ত ভট্টাচার্য

(C) জীবনানন্দ দাশ

(D) সত্যেন্দ্রনাথ দত্ত

**34.** ''যে রূপসীদের আমি —, মিশরে, বিদিশায় মরে যেতে দেখেছি'' 'হাওয়ার রাত' কবিতার অন্তর্গত এই পঙ্‌ক্তির শূন্যস্থানে যে শব্দটি বসবে

(A) এশিয়ায়

(B) রাশিয়ায়

(C) এশিরিয়ায়

(D) ব্যাবিলনে

**35.** ''মধ্যে মধ্যে মৃত্যু আছে, জন্ম আছে, তাই নিয়ে তারো বেশি চিরন্তন সোনালি কাপড় একখানা''

—পঙ্‌ক্তিগুলি যে কবিতায় আছে, তার নাম

(A) মিল

(B) দিন

(C) রাত্রি

(D) দিঘি

**36.** 'শিকলে বাধা স্বপ্নমত/ভিত্তি-আঁকা চিত্র যত/আলোক দেখি লজ্জাহত/পালাতে নাহি পারে।'

—পঙ্‌ক্তিগুলি যে কবিতার অন্তর্গত তার নাম

(A) দুই পাখি

(B) বন্ধন

(C) দেউল

(D) দুর্বোধ

**37.** ''জানিলাম, একাকীর নাই ভয়,
ভয় জনতার মাঝে; একাকীর কোনো লজ্জা নাই,
লজ্জা শুধু যেথা-সেথা যার-তার চক্ষুর ইঙ্গিতে।''

—পঙ্‌ক্তিগুলি আছে 'প্রান্তিক' কাব্যের

(A) চতুর্থ কবিতায়

(B) প্রথম কবিতায়

(C) তৃতীয় কবিতায়

(D) পঞ্চম কবিতায়

**38.** ''সোহাগের সঙ্গে রাগ না মিশিলে ভালোবাসার স্বাদ থাকে না—তরকারিতে লঙ্কামরিচের মতো।''—উক্তিটি

(A) বিনোদিনীর মহেন্দ্রের প্রতি

(B) বিহারীর বিনোদিনীর প্রতি

(C) বিনোদিনীর আশার প্রতি

(D) মহেন্দ্রের বিনোদিনীর প্রতি

**39.** 'নষ্টনীড়' গল্পে উল্লিখিত 'হাল বাংলা লেখার ঢঙ' প্রবন্ধটি প্রকাশিত হয়েছিল যে পত্রিকায়, তার নাম

(A) সরোরুহ

(B) বার্তাবহ

(C) বিশ্ববাণী

(D) বিশ্ববন্ধু

**40.** ''অনেক তোমার পাওনা ছিল কিন্তু কিছু তোমাকে দিতে পারিনি''—নন্দিনী বিশুকে একথা বলেছিল তার যে গানটি শুনে, তা হল

(A) ও চাঁদ, চোখের জলে লাগল জোয়ার

(B) তোমায় গান শোনাব

(C) তোর প্রাণের রস তো শুকিয়ে গেল ওরে

(D) যুগে যুগে বুঝি আমায় চেয়েছিল সে

**41.** 'মেঘনাদবধ কাব্য' থেকে প্রথম তালিকায় কয়েকটি উক্তি এবং দ্বিতীয় তালিকায় বক্তার নাম দেওয়া হল। উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন ঃ

| *প্রথম তালিকা* | *দ্বিতীয় তালিকা* |
|---|---|
| (a) 'না চাহি তোমারে আজি, হে বৈদেহীনাথ।' | (i) রাক্ষসপতি |
| (b) 'রক্ষিব লক্ষ্মণে, রক্ষোরাজ, আজি আমি দেবরাজাদেশে।' | (ii) রঘুনাথ |
| (c) 'বিষম বিপদ, সতি, উপস্থিত দেখি তব পক্ষে।' | (iii) তারকারি |
| (d) 'অকূল সাগরে ভাসে দাস, তাত, এবে; কে তাদের রক্ষিবে এ বিপদে? | (iv) মুরারি |

*সংকেত* ঃ

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iv) | (iii) |
| (B) | (iv) | (i) | (iii) | (ii) |
| (C) | (ii) | (iv) | (i) | (iii) |
| (D) | (i) | (iii) | (iv) | (ii) |

**42.** 'সারদামঙ্গল' কাব্যের সূচনায় বিহারীলালের যে পত্র স্থান পেয়েছে তার উদ্দিষ্ট হলেন

(A) অনাথনাথ রায়

(B) অনাথবন্ধু রায়

(C) অনাথচন্দ্র নাথ

(D) অনাথকুমার নাথ

**43.** 'যিনি বেঙ্গল ম্যাগাজিনে একটি প্রবন্ধে যথার্থই লিখিয়াছিলেন যে, ব্রাহ্মণেরাই প্রাচীন ভারতের ইংরেজ ছিলেন'—তিনি হলেন

(A) অক্ষয়কুমার দত্ত

(B) রাজনারায়ণ বসু

(C) দেবেন্দ্রনাথ ঠাকুর

(D) তারাপ্রসাদ চট্টোপাধ্যায়

**44.** 'কৃষ্ণকুমারী নাটক' থেকে প্রথম তালিকায় কয়েকটি সংলাপ এবং দ্বিতীয় তালিকায় বক্তার নাম উল্লেখ করা হল। উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন ঃ

| *প্রথম তালিকা* | *দ্বিতীয় তালিকা* |
|---|---|
| (a) 'পেচক সূর্যের আলো ত কখনই সহ্য কত্যে পারে না।' | (i) অহল্যাদেবী |
| (b) 'সূর্যদেবের উজ্জ্বল কান্তি দেখে সূর্যমুখী তার অধীন হয়।' | (ii) মদনিকা |
| (c) 'আহা, ভাই, যেন একটি কনকপদ্ম বিমল সরোবরে ফুটে রয়েছে।' | (iii) বিলাসবতী |
| (d) 'ক্ষমা দেন। এ ক্ষুদ্র প্রাণীর শোণিতে আপনার অসি কলঙ্কিত হবে মাত্র।' | (iv) ধনদাস |

*সংকেত ঃ*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (iii) | (iv) | (ii) |
| (B) | (iv) | (i) | (ii) | (iii) |
| (C) | (ii) | (iv) | (i) | (iii) |
| (D) | (iv) | (ii) | (iii) | (i) |

**45.** 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসটি বঙ্গদর্শন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হতে শুরু হয়

(A) পৌষ-ফাল্গুন, ১২৮৩ থেকে

(B) পৌষ-মাঘ, ১২৮২ থেকে

(C) চৈত্র-জ্যৈষ্ঠ, ১২৮৪ থেকে

(D) বৈশাখ-আষাঢ়, ১২৮৫ থেকে

**46.** প্রথম তালিকার সঙ্গে দ্বিতীয় তালিকার সামঞ্জস্য বিধান করে সংকেত অবলম্বনে সঠিক উত্তর নির্দেশ করুন ঃ

| *প্রথম তালিকা* | *দ্বিতীয় তালিকা* |
|---|---|
| (a) সোনে ভরিলী করুণা নাবী | (i) চাটিলপাদ |
| (b) ভবনই গহণ গম্ভীর বেগে বাহী | (ii) ঢেণ্ঢণপাদ |
| (c) করুণা পিড়ি খেলহুঁ নঅবল | (iii) কামলি |
| (d) টালত মোর ঘর নাহি পড়বেষী | (iv) কাহ্নুপাদ |

*সংকেত ঃ*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (ii) | (iii) | (ii) | (iv) |
| (B) | (iii) | (i) | (iv) | (ii) |
| (C) | (i) | (iii) | (ii) | (iv) |
| (D) | (iv) | (ii) | (iv) | (iii) |

**47.** 'নিনায় কতিচিৎ কালান্ কথঞ্চিৎ কৃষ্ণতৃষ্ণয়া।
অথাধিভবতো রাধা জগাদজরতীমিদং।।'

এই সংস্কৃত শ্লোকটি রয়েছে

(A) 'রাধাবিরহ' অংশের ৬৪ সংখ্যক পদের শীর্ষে

(B) বংশীখণ্ডের ১১ সংখ্যক পদের শীর্ষে

(C) বৃন্দাবনখণ্ডের ৪ সংখ্যক পদের শীর্ষে

(D) দানখণ্ডের ৬ সংখ্যক পদের শীর্ষে

**48.** চৈতন্যভাগবত থেকে খণ্ডের উল্লেখসহ অধ্যায় এবং বর্ণিত বিষয় নীচে দুটি তালিকায় দেওয়া হল। উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন ঃ

| *প্রথম তালিকা* | *দ্বিতীয় তালিকা* |
|---|---|
| (a) আদিখণ্ড ১৪শ অধ্যায় | (i) চৈতন্যের গয়াগমন |
| (b) আদিখণ্ড ১৫শ অধ্যায় | (ii) কীর্তনসহ চৈতন্যের কাজীর ভবনে গমন |
| (c) মধ্যখণ্ড ২৩শ অধ্যায় | (iii) চৈতন্যের সন্ন্যাসধর্ম গ্রহণ |
| (d) মধ্যখণ্ড ২৬শ অধ্যায় | (iv) হরিদাসকে গঙ্গায় নিক্ষেপ |

*সংকেত ঃ*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iv) | (i) | (ii) | (iii) |
| (B) | (i) | (iii) | (iv) | (ii) |
| (C) | (ii) | (iv) | (iii) | (i) |
| (D) | (iii) | (ii) | (i) | (iv) |

**49.** নীচে 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থ থেকে কয়েকটি মন্তব্য দেওয়া হল। মন্তব্যগুলোর শুদ্ধাশুদ্ধ বিচার করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন

(a) ক্রীড়ারত কৃষ্ণের মৃত্তিকা ভক্ষণের বর্ণনা শ্রীকৃষ্ণবিজয়ে নেই।
(b) প্রলম্বাসুরকে ভাণ্ডীরবনে বলরাম হত্যা করেন।
(c) ধেনুকাসুরকে তালবনে কৃষ্ণ ও বলরাম হত্যা করেন।
(d) বৃষ রূপধারী অরিষ্টকে কৃষ্ণ এবং বলরাম হত্যা করেন।

*সংকেত ঃ*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (B) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (C) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (D) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

**50.** ক্ষেমানন্দের কাব্যে বেহুলার নিরুদ্দেশ যাত্রা-পথের যেসব স্থানের উল্লেখ রয়েছে সেগুলির সবই পড়ে

(A) আধুনিক বীরভূম জেলায়

(B) আধুনিক হুগলী জেলায়

(C) আধুনিক হাওড়া জেলায়

(D) আধুনিক বর্ধমান জেলায়

**ROUGH WORK**

**ROUGH WORK**

**ROUGH WORK**